**ALL INDIA RADIO**

**REGIONAL NEWS UNIT – SILCHAR**

**MORNING NEWS BULLETIN**

**BENGALI**

**30 June 2025** **7:35 AM**

==========================================================================

দেশের ক্রীড়া মানচিত্রে আসামের বড়োল্যান্ড অঞ্চল দ্রুত গতিতে উন্নতি করছে । প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী গতকাল আকাশবানীর মন কী বাত অনুষ্ঠানে অংশ নিয়ে বড়োল্যান্ডের ফুটবল ক্ষেত্রের ভূয়সী প্রশংসা করেন । এ অঞ্চলের যুব সম্প্রদায় ফুটবল খেলায় সকলের দৃষ্টি আকর্ষন করেছে বলে উল্লেখ করে প্রধানমন্ত্রী হলীচরণ নার্জারী , দূর্গা বড়ো , অপূর্ণা নার্জারি , মনবীর বসুমাতারী সহ বেশ কয়েকজন প্রথমসারির ফুটবল খেলোয়ারের নামও উল্লেখ করেন । বড়ো এলাকায় আয়োজন করা বড়োল্যান্ড সি ই এম কাপ প্রতিযোগীতাকে ঐক্য ও আশার আলো বলে অভিহিত করে প্রধানমন্ত্রী বলেন যে এই প্রতিযোগীতায় ৩ হাজার ৭০০ টি দলের প্রায় ৭০ হাজার খেলোয়ার অংশ গ্রহণ করেছে । অংশ গ্রহণকারীদের মধ্যে বৃহৎ সংখ্যক মহিলা খেলোয়ার থাকার বিষয়ে উল্লেখ করে এই প্রতিযোগীতা ক্রীড়া ক্ষেত্রে বড়োল্যান্ডের যুব সম্প্রদায়ের আগ্রহ ও নিষ্ঠার কথাই বোঝায় বলে প্রধানমন্ত্রী উল্লেখ করেন ।

শ্রীমোদী বলেন ------বাইট

ভারতের আঞ্চলিক ,ভাষিক ও সাংস্কৃতিক বৈচিত্রের প্রসংগ উল্লেখ করে প্রধানমন্ত্রী এরণের বৈচিত্র দেশের বিশেষ পরিচয় তুলে ধরে বলে মত

প্রকাশ করেন । মেঘালয়ের এরী সূতা  জি আই টেগ লাভ করার প্রসংগে তিনি বলেন যে এরী কাপড়ের চাহিদা বিশ্বে দ্রুত গতিতে বৃদ্ধি পাচ্ছে ।

দৃষ্টিশক্তির ক্ষেত্রে দীর্ঘদিন থেকে হুমকির সৃষ্টি করে আসা গ্লোকুমা রোগের প্রতি সরকারের গুরুত্ব আরোপ করার প্রসংগ উল্লেখ করে প্রধানমন্ত্রী সম্প্রতি বিশ্ব স্বাস্থ্য সংস্থা ভারতকে গ্লোকুমা মুক্ত দেশ হিসেবে ঘোষনা করাকে বিশেষ সফলতা বলে অভিহিত করেন ।

জরুরীকালীন অবস্থার প্রসংগ উল্লেখ করে প্রধানমন্ত্রী এধরণের প্রতিকূল পরিস্থিতির সংগে লড়াই করে দেশের সংবিধানকে সুরক্ষিত করে রাখার প্রতি অবদান যোগানো নেতৃবর্গের প্রতি শ্রদ্ধা নিবেদন করেন ।

---

ভারতের আঞ্চলিক ,ভাষিক ও সাংস্কৃতিক বৈচিত্রের প্রসংগ উল্লেখ করে প্রধানমন্ত্রী এরণের বৈচিত্র দেশের বিশেষ পরিচয় তুলে ধরে বলে মত প্রকাশ করেন । মেঘালয়ের এরী সূতা  জি আই টেগ লাভ করার প্রসংগে তিনি বলেন যে এরী কাপড়ের চাহিদা বিশ্বে দ্রুত গতিতে বৃদ্ধি পাচ্ছে ।

দৃষ্টিশক্তির ক্ষেত্রে দীর্ঘদিন থেকে হুমকির সৃষ্টি করে আসা গ্লোকুমা রোগের প্রতি সরকারের গুরুত্ব আরোপ করার প্রসংগ উল্লেখ করে প্রধানমন্ত্রী সম্প্রতি বিশ্ব স্বাস্থ্য সংস্থা ভারতকে গ্লোকুমা মুক্ত দেশ হিসেবে ঘোষনা করাকে বিশেষ সফলতা বলে অভিহিত করেন ।

জরুরীকালীন অবস্থার প্রসংগ উল্লেখ করে প্রধানমন্ত্রী এধরণের প্রতিকূল পরিস্থিতির সংগে লড়াই করে দেশের সংবিধানকে সুরক্ষিত করে রাখার প্রতি অবদান যোগানো নেতৃবর্গের প্রতি শ্রদ্ধা নিবেদন করেন ।

---

মূখ্যমন্ত্রী ডক্টর হিমন্ত বিশ্ব শর্মা শিবসাগর জেলার রংঘর পরিদর্শন করে রংঘরের সৌন্দর্য্য বৃদ্ধিতে গ্রহন করা পদক্ষেপ সম্পর্কে অবগত হয়েছেন । এরপর মূখ্যমন্ত্রী

ডক্টর শর্মা ভাটিয়াপারার গ্যাস নির্গমন হওয়া ও এন জি সি-র রীগটি পরিদর্শন করে স্থানীয় জনগনের সঙ্গে মত বিনিময় করেন । ক্ষতিগ্রস্ত লোকেদের উপযুক্ত ক্ষতিপূরন প্রদান করা হবে বলে মূখ্যমন্ত্রী আশ্বাস দিয়েছেন । এছাড়া মূখ্যমন্ত্রী শিবসাগর জেলার জাতীয় সড়কের ডিমৌ-মরান অংশে জরুরীকালীন অবস্থায় বিমান অবতরনের সুবিধা সর্ম্পকেও অবগত হয়েছেন ।

---

রাজ্যের পশু চিকিৎসা ও মীন বিভাগের মন্ত্রী তথা হাইলাকান্দি জেলার অভিভাবক মন্ত্রী কৃষ্ণেন্দু পাল আজ একদিনের সফরে হাইলাকান্দি আসছেন । মন্ত্রী শ্রী পাল আজ বেলা আড়াইটায় জেলা আয়ুক্তের কার্য্যলয়ের সভাকক্ষে প্রশাসনের শীর্ষ আধিকারীকদের সঙ্গে একটি পর্য্যালোচনা বৈঠকে মিলিত হবেন ।

---

উত্তর-পূর্ব সীমান্ত রেল সূত্রে জানানো হয়েছে যে বদরপুর-লামডিং পাহাড় লাইন অংশের জাটিঙ্গা-লামপুর স্টেশনের মধ্যে যাত্রীবাহী রেল চলাচল পুনরায় শুরু হয়েছে । জাটিঙ্গা-লামপুর অঞ্চলে ভূমিধ্বসের ফলে ক্ষতিগ্রস্ত রেলপথের আংশিক পুনরুদ্ধার ছয় দিন বিরতির পর সম্ভব হওয়ায় পরীক্ষামূলকভাবে মালগাড়ী চলাচলের পর গতকাল থেকে যাত্রী পরিষেবা শুরু হয়েছে । কলকাতা থেকে যাত্রা করা শিয়ালদহ-শিলচর কাঞ্চনজংঘা এক্সপ্রেস গতকাল ধ্বস বিধস্ত এই অঞ্চল নিরাপদে অতিক্রম করে । এদিকে গতকাল রাত ১০টা ৪০ মিনিটের শিলচর থেকে রংগিয়া অভিমূখে যাত্রা করা ট্রেন আজ সকাল পাঁচটায় যাত্রা করেছে ।

---

গুয়াহাটীর আঞ্চলিক আবহাওয়া বিজ্ঞান কেন্দ্রের পক্ষ থেকে জানানো হয়েছে যে আগামী কয়েক দিন আসাম সহ উত্তর-পূর্বে সব কটি রাজ্যে মাঝারী বৃষ্টি হওয়ার সম্ভাবনা রয়েছে ।

---

কাছাড় ডিস্ট্রিক্ট চেস এসোসিয়েশনের উদ্যোগে এবং একাগন্য ফাউন্ডেশনের সহযোগীতায় আসাম বিশ্ববিদ্যালয়ে গত শনিবার থেকে আর্ন্তজাতিক দাবা প্রতিযোগীতা শুরু হয়েছে । ক্লাসিক , ব্লিজ ও রেপিড , এই তিনটি ফরম্যাটে প্রতিযোগীতা অনুষ্ঠিত হচ্ছে । উত্তর-পূর্বাঞ্চলের সব রাজ্যের খেলোয়াড়রা এই প্রতিযোগীতায় অংশ নিয়েছেন ।

---

সি পি আই এম দলের তারাপুর আঞ্চলিক কমিটির সদস্য পরিমল দাস গতকাল শিলচর মেডিকেল কলেজ ও হাসপাতালে শেষ নিশ্বাস ত্যাগ করেছেন । বয়স হয়েছিল ৬২ । সি পি আই এম দলের কাছাড় জেলা কমিটির পক্ষ থেকে পরিমল দাসের মৃত্যুতে গভীর শোক প্রকাশ করা হয়েছে ।

---